দৈনিক ইত্তেফাক

MAR 29

# নকলে সহযোগিতাকারী শিক্ষকদের এক বছরের বেতন বন্ধ

**রেজানুর রহমান** ॥ এসএসসি পরীক্ষায় বিভিন্ন কেন্দ্রে নকল সরবরাহ অথবা প্রশ্নের উত্তর বলিয়া দেওয়ার সময় হাতেনাতে ধৃত শিক্ষক-শিক্ষিকাকে এক বছরের বেতন-ভাতা (সরকারী অংশ) প্রদান না করার সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। পরীক্ষা ব্যবস্থায় অপরাধের সাজা হিসাবে অভিযুক্ত শিক্ষক-শিক্ষিকাবৃন্দ আগামী এক বছর বেতনের সরকারী অংশ পাইবেন না। পাশাপাশি অপরাধের মাত্রা অনুযায়ী তাহাদেরকে আগামী ২/৩ বছরের জন্য বোর্ডের পরীক্ষার দায়িত্ব হইতে বিরত রাখা হইবে। (২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## নকলে সহযোগিতাকারী

(প্রথম পৃঃ পর)

এসএসসি পরীক্ষায় গতকাল বুধবার পর্যন্ত দেশের বিভিন্ন কেন্দ্রে নকল সরবরাহ ও প্রশ্নের উত্তর বলিয়া দেওয়ার সময় ২ শতাধিক শিক্ষক-শিক্ষিকা বহিষ্কৃত হইয়াছেন। রাজশাহী শিক্ষা বোর্ডে শিক্ষক বহিষ্কারের হার সবচাইতে বেশী। গতকাল পর্যন্ত সারাদেশে ৩০ হাজারেরও বেশী পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। এই ক্ষেত্রেও রাজশাহী শিক্ষা বোর্ড শীর্ষস্থান দখল করিয়াছে।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এ টি এম শরীফুল্লাহ বলেন, পরীক্ষার হলের শিক্ষক বহিষ্কারের ঘটনা খুবই দুঃখজনক। কাজেই এই ক্ষেত্রে আর কোন সহানুভূতি প্রকাশের সুযোগ নাই। নকল সরবরাহের সময় যে সকল শিক্ষক বহিষ্কৃত হইয়াছেন তাহাদেরকে অবশ্যই সাজা পাইতে হইবে।

এদিকে বোর্ডের একটি সূত্র জানায়, অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইতেছে এই আভাস পাইয়া একটি মহল মানবিক বিবেচনার জন্য সংশ্লিষ্ট মহলকে চাপ দেওয়া শুরু করিয়াছে। বলা হইতেছে, এইবারের মত মাফ করিয়া দিন। স্থানীয় জনপ্রতিনিধিদের অনেকেই এই ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করিতেছেন।